10754

2 D-07242

তারিখ বাংলা ১৪১৪ সনের ৪ঠা পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ -
পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

কোবালা দাতা ঃ
শ্রী শঙ্কর মন্ডল

# সাফ বিক্রয় কোবালা

মুসাবিদাকারক
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।

10754   D-072402

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000   Rs.5000

पाँच हजार रुपये   FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL   A-007111

Additional District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
20 DEC 2007

মূল্য : ৭৪,৮১,২৫০ (চুয়াত্তর লক্ষ একাশি
হাজার দুইশত পঞ্চাশ) টাকা পণ মূল্যের নিঃস্বত্ব

## সাফ বিক্রয় কোবালা পত্র

কোবালা গ্রহীতা :   পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা ১০৫, এস. এন. ব্যানার্জী রোড, থানা - তালতলা, কোলকাতা- ৭০০ ০১৪।

Sankar Mondal

কোবালা দাতা ঃ শ্রী শঙ্কর মন্ডল, পিতা - শ্রী সুধীর কুমার মন্ডল, জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - ব্যবসা, সাকিন - ৮৬/৪, সুরেন সরকার রোড, থানা - বেলেঘাটা, কলিকাতা- ৭০০ ০১০।

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় কমবেশী ২৩.৫ ডেসিমেল বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৪ (চৌদ্দ) কাঠা ৪(চার) ছটাক শালি জমি মায় যাতায়াতের সর্ব্ব প্রকার সুযোগ সুবিধা সহ সম্পূর্ন নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় যোগ্য উত্তম স্বত্বের সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩ , রে:স:নং - ২৩২, ১৭৮ নং তৌজি ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি. এস.) ৩১৫ নং হাল (আর. এস.) ১২০৯ নং খতিয়ান ভুক্ত সম্পত্তি মালেক জমিদার রায়বাহাদুর কানাই লাল নন্দী মহাশয়ের নিকট হইতে বাংলা ১৩৫৮ সনের ১২ই ফাল্গুন তারিখে আমুল নামার দ্বারা পাট্টাই মৌরসী মোকররী রায়তী স্বত্বের ১৩.৯০ শতক জমির বার্ষিক ৫১ টাকা ১৪ আনা জমা ধার্য্যে জীতেন্দ্র নাথ মন্ডল নিজ অর্থে নিজ নামে বন্দোবস্ত লইয়া খাস দখলে ভোগ দখল করিতে থাকা অবস্থায় উক্ত সম্পত্তির মধ্যে সাবেক

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

২৮৭৪/৩০১১ নং দাগে ৩.৬০ শতকের মধ্যে ৬৬ শতক জমি বার্ষিক হারাহারি মতে ২.৫০ টাকা খাজনা পঙ্কোজিনী মুখার্জ্জীকে ১০/৪/১৯৫৬ তারিখে এককেতা সাফ কোবালার দ্বারা বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরনিঃস্বত্ব হয়েন। উক্ত দাগের মধ্যে ০.০৭ শতক জমি বার্ষিক হারাহারি মতে ।৬ পাই খাজনা সরজিৎ কুমার মুখোপাধ্যায়কে ঐ তারিখে বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হয়েন। একুনে ৭৩ শতক জমি খরিদ করতঃ খাস দখলে ভোগ দখল করিতে থাকা অবস্থায় উক্ত পঙ্কোজিনী দেবী একপুত্র শ্যামাপদ মুখোপাধ্যায়কে রাখিয়া পরলোক গমন করেন। সেমতে উক্ত পুত্র উক্ত সম্পত্তি মাতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহার ভ্রাতুষ্পুত্র উক্ত সরোজিৎ কুমার মুখোপাধ্যায়ের সহিত এজমালে ভোগ দখল করিতে থাকা অবস্থায় উক্ত ৭৩ শতক জমির মধ্যে তপশীলে চৌহদ্দি মোতাবেক ২৩.৫০ শতক জমি বার্ষিক হারাহারি মতে ১৲ টাকা খাজনা ইংরাজী ১৯৬১ সালে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসে ১নং বহির ৭৫৭৯ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দ্বারা নৃপেন্দ্র নাথ চট্টোপাধ্যায়কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরনিঃস্বত্ব হয়েন। উপরোক্ত প্রকারে উক্ত সম্পত্তি উক্ত নৃপেন্দ্র নাথ চট্টোপাধ্যায় মালিক কালেকটার বাহাদুর সরকারে নাম পত্তন করিয়া খাসে ভোগ দখল করিতে থাকা অবস্থায় কোন উইলাদি না করিয়া অপুত্রক অবস্থায় এক স্ত্রী শ্রীমতী পারুল বালা চট্টোপাধ্যায় ও এক কন্যা শ্রীমতী নমিতা মুখার্জ্জীকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করেন। উক্ত তাহার স্ত্রী ও কন্যা ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ১৯৭৬ সালের ২৮শে জুলাই তারিখে এককেতা সাফ কোবালা দলিল দ্বারা উক্ত পারুল বালা

K. Chakraborty
Kanungo
W. Housing Board

চট্টোপাধ্যায় ও নমিতা মুখার্জ্জীদ্বয় আমাকে অর্থাৎ অত্র বিক্রেতা শংকর মন্ডলকে নিম্ন তপশীলে বর্ণিত হাল ১২০৯ নং খতিয়ান ভুক্ত হাল আর. এস. ৩০৮২ নং দাগে কমবেশী ১৪(চৌদ্দ) কাঠা ৪(চার) ছটাক শালি জমি জমা মায় তৎসংলগ্ন রাস্তার যাবতীয় স্বত্ব মায় যাবতীয় ব্যবহারিক স্বত্ব ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হয়েন। যাহা কাশীপুর দমদম সাব রেজিস্ট্রী অফিসে ১নং বহির ৭৮ নং ভল্যুমে ২৪৯ থেকে ২৫৩ নং পাতায় ১৯৭৬ সালে ৫১৮১ নং সাফ কোবালা দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে।

অত্র কোবালা দাতা উক্ত সম্পত্তি এরূপে খরিদ করিয়া অদ্যাবধি নির্বিবাদে নিরাংশে খাসে ভোগ দখল করিয়া আসিতেছেন এবং নিজ নাম বি. এল. এন্ড এল. আর. অফিসে নাম পত্তন করিয়াছেন এবং খাজনাদি ও ট্যাকসাদি প্রদান করিতেছেন। এল. আর. খতিয়ান নং - ১৭৯৫/১।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হেতু আমার খরিদা নিম্ন তপশীল ভুক্ত কমবেশী ২৩.৫ শতক বা কমবেশী ১৪(চৌদ্দ) কাঠা ৪(চার) ছটাক শালি জমি যাহা আমার আবেদনের ভিত্তিতে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউজিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্বোচ্চ বাজার দরে মায় পণ মূল্যে কাঠা প্রতি **৫,২৫,০০০**

S. K. Chakraborty
Kanungo
Housing Board

Sourav Mondal

(পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা করিয়া মোট **৭৪,৮১,২৫০**(**চুয়াত্তর লক্ষ একাশি হাজার দুইশত পঞ্চাশ**) **টাকা** প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণমূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ২৩.৫ ডেসিমেল অর্থাৎ ১৪(চৌদ্দ) কাঠা ৪(চার) ছটাক শালি জমি অত্র সাফ কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসান পর্ষদ** -কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরজমিনে মাপ সুরত সীমানা সহরৎ পূর্ব্বক আপনাকে মায় কোম্পানীকে উহার যথারিতী খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং**পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - কে সমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম।**পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে**পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি প্রদান পূর্ব্বক বিক্রয়, বিলি, বন্টন, পত্তনাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্যুঢ় স্বত্বে ভোগ দখল করিকে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লাভ লভ্য সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নির্ব্যুঢ় স্বত্বে বর্তাইল ও অর্শিল।

১৮ ৩

A. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশানগণ অত্র বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহারো নিকট কোন প্রকার, দান, বিক্রয়, বিলি, পত্তনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোন কারনে কোন অফিস আদালতে কর্ত্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিম্বা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কার্য্যের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোর পোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোন প্রকার ইনজাংশান জারি হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনামদার করি নাই বা উহা গভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী বা খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্ব প্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বাঁর্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ

G. K. Chakraborty
Kanyng
B. Housing Bnar.

দায়ী বা দন্ডনীয় হইব এবং আইনত ক্ষতি পূরণ সহ পণমূল্য সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান গণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাশ মতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশ গণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলের ভবিষ্যতে যদি কোন ভুল ভ্রান্তি, ক্রটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে আপনার খরচায় আপনার তলবে উক্ত ক্রটি সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকশায় লাল রঙের রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভাড়া বাঁধা, মন্ডপ নির্মাণ এবং উপর বা নিচ দিয়া বিদ্যুৎ সংযোগ, জল নিকাশী ড্রেন, গ্যাসের পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুৎ স্তম্ভ নির্মাণ প্রভৃতি করিতে পারিবেন তাহাতে অপর কাহারো কোন ওজর আপত্তি চলিবে না।

A. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

Sonkar Mondal

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে, অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের সমুদয় টাকা সাক্ষীগণের সম্মুখে গ্রহণ করতঃ এবং অত্র দলিলের সম্যক বিষয় বস্তু সম্পূর্ণ রূপে অবগত হইয়া, স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১৪ সালের ৪ ঠা পৌষ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০ শে ডিসেম্বর।

## তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩, রে:স:নং - ২৩২, ১৭৮ নং তৌজি ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি. এস.) ৩১৫ নং হাল (আর. এস.) ১২০৯ নং খতিয়ান ভুক্ত ১৩.৯০ শতক জমির বার্ষিক ৫১ টাকা ১৪ আনা জমার অন্তর্গত ২৩.৫০ শতক জমির বার্ষিক হারাহারি মতে ১্ টাকা খাজনা মাত্র বিক্রয় হইল। হাল এল. আর. খতিয়ান নং - ১৭৯৫/১।

সাবেক (সি. এস.) ১১৭৪/৩০১১ নং হাল (আর. এস.) ৩০৮২ নং হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে আমার খরিদা কমবেশী ২৩.৫০ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৪(চৌদ্দ) কাঠা ৪(চার) ছটাক শালি জমি মায় চলাচলের যাবতীয় ইজমেন্ট

A. K. Chakraborty
Kanungo,
W. B. Housing Board

স্বত্বাদি সহ অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত। ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে সন সন প্রদেয়। অত্র সংলগ্ন নকসায় লাল রঙের রেখার দ্বারা চিহ্নিত ও সীমানকৃত। অত্র নকশা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

-: যাহার চৌহদ্দি :-

উত্তরে ঃ আর. এস. ৩০৮০ নং দাগের অংশ।

দক্ষিনেঃ মেইন রোড তৎপর বাগজোলা খাল।

পূর্বে ঃ আর. এস. ৩০৮২ নং দাগের অংশ । বনমালী বৈদ্য ও অন্যান্য।

পশ্চিমে ঃ আর. এস. ৩০৮২ নং দাগের অংশ । কমল সরখেল ও অন্যান্য।

K. Chakraborty
Kanungo
B. Housing Boar.

Sankar Mondal

## টাকার জায়

১)  ব্যাঙ্ক পে-অর্ডার মারফৎ প্রাপ্ত
এইচ. ডি. এফ. সি., সেন্ট্রাল প্লাজা শাখা,
শরৎ বসু রোড, কোলকাতা- ৭০০ ০১৭।
নং [illegible] তং ২৯/১২/০৭ — ৬৮,৮১,২৫০.০০

২)  নগদে ১০০০ x ৬০০ = — ৬,০০,০০০.০০

মোটঃ ৭৪,৮১,২৫০.০০ টাকা

(মবলগে আমি শঙ্কর মন্ডল ব্যাঙ্ক পে-অর্ডার ও নগদে মোট চুয়াত্তর লক্ষ একাশি হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদি ঃ-

১) সঞ্জয় মন্ডল
পিতা গৌরাঙ্গ মন্ডল
[illegible]
[illegible]

Sankar Mondal

২) রবীন্দ্রনাথ
[illegible]
[illegible]
[illegible]

মুসাবিদাকারক :-
Debasish De
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
হাইকোর্ট, কলিকাতা।

On behalf of Bengal Housing Board
Sripam Kumar Chowdhury
PURCHASER

A. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

টাইপকারক :-
Nityananda Guha
গুহ টাইপ চেম্বার
১২, ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট
কলিকাতা- ৭০০ ০০১।

2

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT/SELLER/ BUYER/CAIMENT WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS



LH.

RH.

ATTESTED :-



LH.

RH.

K. Chakraborty
Kanungo
Housing Board

ATTESTED :-

PHOTO

LH.

RH.

ATTESTED :-

## Government Of West Bengal
## Office of the A. D. S. R. BIDHAN NAGAR
## BIDHAN NAGAR

**Endorsement For deed Number :I-07242 of :2007**
**(Serial No. 10754, 2007)**

---

**On 20/12/2007**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 17.19 on :20/12/2007,at the Private residence by Sankar Mondal,Claimant.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

**On 26/12/2007**

**Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 82291/- on:26/12/2007

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-7481250/-

Certified that the required stamp duty of this document is Rs 448875 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty : 1.Rs 369200/- is paid by the draft no. :124126, Draft date:19/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007: 2.Rs 74813/- is paid by the draft no. :123859, Draft date:20/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on :26/12/2007 by

1. Sankar Mondal, son of Sudhir Kr Mondal,86/4 Suren Sarkar Rd,Thana Beleghata,Pin 700010, By caste Hindu,by Profession :Business
2. Sankar Mondal,Paschimbanga Abasan Parsad,105 S N Banerjee Rd, profession :Service

Identified By Sanjay Baral, son of . Gouranganagar Rajarhat Thana: Rajarhat, by caste Hindu,By Profession :Business.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

---


**SITE PLAN OF LAND. PART OF R. S. DAG NO.-3082..**
**R.S. KH.NO.- 1209 .. AT MOUZA - GHUNI.. J. L. NO.- 23..**
**UNDER- JYANGRA-HATIARA 2 NO. GRAM PANCHAYET..**
**P.S.-RAJARHAT.. DISTRICT -NORTH 24 PARGANAS..**

L. R. Kh No - 1795/1

**AREA OF LAND -:0.23 DECIMEL**

SCALE - N.T.S.

N




**VENDEE**
WEST BENGAL
HOUSING BOARD.

**VENDOR**
SRI. SANKAR MONDAL.

VENDOR'S SIGNATURE

Sankar Mondal

DRAWN BY

MD. SARWARDI
VILL+P.O.- GHUNI
KOLKATA - 700059

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 6
Page from 5430 to 5444
being No 07242 for the year 2007.

(Nurul Amin Khan) 28-December-2007
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal

তারিখ বাংলা ১৪১৪ সালের ৯ই পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সনের ২৫শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

কোবালা দাতা ঃ

শ্রীমতী রুপা বিশ্বাস
শ্রী অরুপ বিশ্বাস

## সাফ বিক্রয় কোবালা

শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।